# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯০১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যা বর্ণনা করলাম তা ফরয সালাতে পড়া জায়েয এই মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْءَ جَائِزٌ لَهُ أَنْ يَقُولُ مَا وَصَفْنَا فِي الصَّلَاةِ الْفَرِيضَةِ

---

আরবী

1901 ـ أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ إِسْحَاقَ الْأَنْمَاطِيُّ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ إِبْرَاهِيمَ الدَّوْرَقِيُّ قَالَ: حَدَّثَنَا حَجَّاجٌ عَنِ ابْنِ جُرَيْجٍ قَالَ: أَخْبَرَنِي مُوسَى بْنُ عُقْبَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْفَضْلِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ الْأَعْرَجِ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ أَبِي رَافِعٍ عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كان إِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ فِي الصَّلَاةِ قَالَ: (اللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ مِلْءَ السَّمَاوَاتِ وَمِلْءَ الْأَرْضِ وَمِلْءَ مَا شِئْتَ مِنْ شَيْءٍ بعد)

الراوي : عَلِيّ بْن أَبِي طَالِبٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1901 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (738)

বাংলা

১৯০১. আলী বিন আবি তালিব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল  সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সালাতে রুকূ‘ থেকে মাথা উত্তোলন করতেন, তখন বলতেন, سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ مِلْءَ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَمِلْءَ مَا بَيْنَهُمَا وَمِلْءَ مَا شئت من شيء بعد (আল্লাহ শ্রবণ করেন, যে তাঁর প্রশংসা করে, হে আমাদের প্রভু। আর আসমানসমূহ পরিপূর্ণ, জমিন পরিপূর্ণ, উভয়ের মধ্যবর্তী স্থান ভর্তি এবং এছাড়াও যা কিছু আপনি ইচ্ছা করেন, সেসব পরিপূর্ণ সমস্ত প্রশংসা আপনার জন্যই)।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৪৮; আত তায়ালিসী: ১৫২; সহীহ মুসলিম: ৭৭১; তিরমিযী: ২৬৬; নাসাঈ:

২/১৯২; দারেমী: ৩০১; সহীহ ইবনু খুযাইমাহ: ৬০৭; আবূ আওয়ানা: ২/১০১; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬৩১; সুনান বাইহাকী: ২/৯৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৭৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91117

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন